

## সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

# কৃষি ও মাৎস্য বিজ্ঞান অনুষদ চালু হচ্ছে এ সেশনেই

সিলেট অফিস/সিকৃষি সংবাদদাতা

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০০৮ শিক্ষাবর্ষ থেকে কৃষি ও মাৎস্য বিজ্ঞান অনুষদের একাডেমিক কার্যক্রম শুরু হচ্ছে। এর আগে এ বিশ্ববিদ্যালয়ে শুধু ভেটেরিনারি অ্যান্ড অ্যানিমাল সায়েন্স অনুষদ চালু ছিল। নতুন দুটি অনুষদের কার্যক্রম চালু হলে বিশ্ববিদ্যালয়ে অনুষদের সংখ্যা দাঁড়াবে তিনে।

সোমবার বিশ্ববিদ্যালয়ের পঞ্চম একাডেমিক কাউন্সিলের মিটিংয়ে নতুন দুটি অনুষদের একাডেমিক কার্যক্রম চালুর সিদ্ধান্ত হয়। পাশাপাশি এ তিনটি অনুষদের বিভাগ পুনর্বিন্যাসসহ ভেটেরিনারি অনুষদের বিভাগ তিনে বিভাজিত করে বিশ্ববিদ্যালয়ের আঙ্গিকে গড়ে তোলার লক্ষ্যে গঠিত কমিটির সুপারিশমালা উপস্থাপন করা হয়। কৃষি অনুষদে ১৮টি ও মাৎস্য বিজ্ঞান অনুষদের অধীনে ছয়টি বিভাগ খোলার লক্ষ্যে সংশোধিত কোর্স কারিকুলাম অনুমোদিত হয়। পাশাপাশি ভেটেরিনারি ও অ্যানিমাল সায়েন্স অনুষদে নয়টি বিভাগের জায়গায় ১৬টি বিভাগ করার পরিকল্পনা পাস হয়। সভায় চতুর্থ একাডেমিক কাউন্সিলের সভার সিদ্ধান্তগুলো পরিসমর্থন, ভেটেরিনারি অনুষদের অধীনে এমএস কোর্সে ভর্তি করা শিক্ষার্থীদের

অনুমোদন, হাত পরামর্শ ও নির্দেশনা বিষয়ক অধ্যাদেশ অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের হল ও শিক্ষার্থীদের শৃঙ্খলা সংক্রান্ত অধ্যাদেশ অনুমোদন, ইন্টারিশিপ কর্মসূচিতে সুপারভাইজারদের সম্মানী ভাতা ও শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট প্রতি এক হাজার টাকা দেয়ারও অনুমোদন দেয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের ডাইস চাঙ্গেলর প্রফেসর ড. মোঃ ইকবাল হোসেনের সভাপতিত্বে সভায় অন্যদের মধ্যে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ অনুষদের ডিন প্রফেসর ড.

নতুন দুটি অনুষদের  
কার্যক্রম চালু হলে  
বিশ্ববিদ্যালয়ে অনুষদের  
সংখ্যা দাঁড়াবে তিনে



মোহাম্মদ আমিনুল ইসলাম, একই বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের সাবেক ডিন প্রফেসর ড. মোঃ মঈন উদ্দিন আহমেদ এবং একাডেমিক কাউন্সিলের সদস্য সচিব ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর ড. আবু হেনা মোস্তফা কামালসহ কাউন্সিলের অন্য সদস্যরা উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের ডিসি ড. মোঃ ইকবাল হোসেন বলেন, আমরা সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়কে একটি আধুনিক, বিজ্ঞান সম্মত ও যুগোপযোগী শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে চাই। বিশ্ববিদ্যালয়ের চতুর্থ ফ্যাকাশ্টি হিসেবে শিগগিরই এক্সিক্যালচার বিজনেস ও ম্যানেজমেন্ট ফ্যাকাশ্টি চালু হবে বলে ডিসি আশাবাদ ব্যক্ত করেন।